তারিখ ... 15 MAY 1991 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...

দৈনিক ইত্তেফাক

120

28

# নকলের অভিনব কৌশল

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০ সালের ডিগ্রী পোস ও সাবসিডিয়ারী) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের কতিপয়

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## নকলের কৌশল

(শেষ পৃঃ পর)

কর্মচারীর সহায়তায় পুনরায় পরীক্ষার খাতায় প্রশ্নের উত্তর লেখার একটি ঘটনা ধরা পড়িয়াছে। এই ঘটনায় পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের একজন কর্মচারীর সরাসরি জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হইলেও তাহার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। পরীক্ষার্থীদের ব্যাপারেও কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

সদ্য সমাপ্ত ডিগ্রী পরীক্ষার খাতা পরীক্ষকদের নিকট বন্টন করার পর গত মাসের এক সকালে প্রশাসনিক ভবন সংলগ্ন দুইটি হলে ৪ জন ছাত্র তাহাদের বাংলা পরীক্ষার খাতায় বই দেখিয়া উত্তর লেখার সময় পরীক্ষা নিয়ন্ত্রক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর তাহাদের হাতে-নাতে ধরিয়া ফেলেন। ঘটনাস্থলে পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের কর্মচারী জাহাঙ্গীর হাওলাদারকে আটক করা হয়। জাহাঙ্গীর হাওলাদার ঘটনার সত্যতা স্বীকার করিয়া কর্তৃপক্ষের নিকট ক্ষমা প্রার্থনা করিয়াছেন। সূত্রটির মতে, জাহাঙ্গীর হাওলাদার ঢাকা শহরের দুইটি কলেজের ২ জন শিক্ষকের নিকট হইতে উক্ত ৪ পরীক্ষার্থীর খাতা নিয়া আসে এবং অর্থের বিনিময়ে খাতার প্রশ্নপত্রের উত্তর লিখিতে সহায়তা করে। সূত্রটির মতে, এই ঘটনায় জড়িত ঐ দুই শিক্ষকের ব্যাপারেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই, বরং ঘটনাটি চাপা দেওয়ার চেষ্টা চালানো হইতেছে।